# আমরা কীভাবে এ পৃথিবীতে এলাম



niKetan নিকেতন ফাউন্ডেশন

# আমরা কীভাবে এ পৃথিবীতে এলাম

It's my body পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত বুকলেট-৪

**প্রথম প্রকাশ**

২০১৭

**পরিকল্পনা ও রচনা**

Antoinette Termoshuizen

আবু রেজা

হাসনাইন সবিহ্ নায়ক

**চরিত্র চিত্রন**

উর্মি রহমান

**কম্পিউটার গ্রাফিক্স**

মো. জাহাঙ্গীর আলম

এ. লতিফ পলাশ

মো. সাখাওয়াত হোসেন জুয়েল

মো. শামীম হোসেন

**প্রকাশনায় :** niketan Niketan Foundation

Itterbeek 7, 2641TW Pijnacker, The Netherlands

www.niketan.nl/en

**মুদ্রণ ও প্রকাশনা সহযোগী**

টইটম্বুর

৪০/৩ নয়াপল্টন (২য় তলা), ভিআইপি রোড, ঢাকা-১০০০

ইমেইল : toitomboor@gmail.com

ISBN : 978-984-8869-71-0

**মূল্য : প্রতিটি বুকলেট – ১৫০.০০ (একশত পঞ্চাশ টাকা)**

**বুকলেট সেট ১-৫ – ৫০০.০০ (পাঁচশত টাকা)**

**বিক্রয়লব্ধ অর্থ প্রতিবন্ধী শিশুদের কল্যাণে ব্যয় করা হবে**

# আমরা কীভাবে এ পৃথিবীতে এলাম



niketan নিকেতন ফাউন্ডেশন



তোমরা সব কেমন আছো? গ্রীষ্মের ছুটি কেমন কাটালে?
আজ তোমাদের শিক্ষক সুমনা আপা আসেন নি।
তিনি হাসপাতালে গেছেন। তাঁর সন্তান হবে।


সুমনা আপা হাসপাতাল থেকে বাবু কিনে আনবেন,
তাই না?




হাসির কিছু নেই। এটা খুব ভালো প্রশ্ন! এর সরাসরি জবাব হচ্ছে-
না, সুমনা আপা হাসপাতাল থেকে বাবু কিনে আনবেন না।
তিনি হাসপাতালে গেছেন সন্তান জন্ম দিতে।
ঠিক আমাদের মায়েরা যেভাবে আমাদের জন্ম দিয়েছেন।



তাহলে, আপনার কবে বাবু হবে?

আমার এখন বাবু হবে না। আমার তো বিয়েই হয় নি।
মানুষের বেলায় পুরুষ আর স্ত্রী আগে বিয়ে করে জুটি বাঁধে।
তারপর তাদের সন্তান হয়।



তাহলে আমাদের জন্ম হয় কীভাবে?
আমরা আসলে কোথা থেকে কীভাবে এলাম?

পুরুষের আছে শুক্রাণু আর স্ত্রীর আছে ডিম্বাণু।
এই শুক্রাণু আর ডিম্বাণু মিলে তৈরি হয় ভ্রূণ।
এই ভ্রূণ বড় হতে থাকে স্ত্রীর গর্ভে মানে মায়ের পেটে।
মায়ের পেটটাও তখন বড় হতে থাকে। এভাবে নয়মাস পর এই ভ্রূণই হয়ে যায় ছোট্ট শিশু। পৃথিবীতে আসার জন্য একদম তৈরি। এই যে মায়ের পেট থেকে জননপথ দিয়ে ছোট্ট শিশুটি বেরিয়ে আসে- একেই বলে সন্তান জন্ম দেওয়া।




আচ্ছা, মায়ের পেটে শিশুটি ঠিকমতো বেড়ে উঠছে কিনা
তা কীভাবে বোঝা যায়?

সেজন্যে মাসে অন্তত একবার করে মায়ের এই নয়মাস
ডাক্তারের কাছে যাওয়া দরকার। পরীক্ষা করে ডাক্তার মায়ের
এবং শিশুর অবস্থা বুঝতে পারেন।




মায়ের পেটে শিশুটি নাড়ির মাধ্যমে খাবার পেয়ে থাকে। নিজের জন্য ও পেটের শিশুর বেড়ে উঠার জন্য মাকে পুষ্টিকর খাবার খেতে হয়।




জন্মের পর পৃথিবীতে এসেই শিশু কেঁদে ওঠে। সে জানান দেয় - ছোট্ট হলেও সে একজন সুস্থ-সবল মানুষ!




বিয়ের পর সন্তান নেবার কথা চিন্তা করার আগে স্বামী-স্ত্রী মিলে ডাক্তারের সাথে কথা বলা দরকার। বয়স ১৮ বছরের কম হলে অথবা ওজন কম হলে সন্তানধারণ না করে অপেক্ষা করাই ভালো।



আচ্ছা, সুমনা আপার বাবু হলে আমরা কি
হাসপাতালে দেখতে যেতে পারব?

হ্যাঁ, পারবে।


তাহলে তো ভারি মজা হবে!
আমরা বাবুটার জন্য অনেক অনেক খেলনা
নিয়ে যাব!



শহীদ মাহমুদ জঙ্গী
জন্ম: ১৯৫৬, চট্টগ্রাম

# আজ যে শিশু

আজ যে শিশু
পৃথিবীর আলোয় এসেছে
আমরা তার তরে
একটি সাজানো বাগান চাই ॥

আজ যে শিশু
মায়ের হাসিতে হেসেছে
আমরা চিরদিন
সেই হাসি দেখতে চাই ॥


রেল লাইনের পাশে নয়
অন্ধকার সিঁড়িতেও নয়
প্রতিটি শিশু মানুষ হোক
আলোর ঝর্ণাধারায়।
শিশুর আনন্দমেলায়
স্বর্গ নেমে আসুক ॥

হাসি আর গানে ভরে যাক
সব শিশুর অন্তর
প্রতিটি শিশু ফুলেল হোক
সবার ভালবাসায়
শিশুর আনন্দমেলায়
স্বর্গ নেমে আসুক ॥

**গীতিকার : শহীদ মাহমুদ জঙ্গী**
**সুর ও পরিবেশনা : শাহবাজ খান পিলু**



শাহবাজ খান পিলু
জন্ম: ১৯৬৩, চট্টগ্রাম





niketan নিকেতন ফাউন্ডেশন

বাংলাদেশের প্রতিবন্ধী শিশুদের শিক্ষা ও তত্ত্বাবধানে নিয়োজিত

www.niketan.nl/en